বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েবসাইট : www.bfiu.org.bd

**বিএফআইইউ সার্কুলার নং- ৩০**

তারিখ : ০৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ১৮ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**প্রধান নির্বাহী/ব্যবস্থাপক**

বাংলাদেশে কার্যরত সকল মানিচেঞ্জার প্রতিষ্ঠান।

**মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর বিধানাবলী পরিপালনে মানিচেঞ্জার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসরণীয় নির্দেশনাবলী।**

প্রিয় মহোদয়,

মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ব)(ঈ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ ও ২০১৩ সালের সংশোধনীসহ) এর ২(২০)(ঈ) ধারায় বাংলাদেশ ব্যাংকের লাইসেন্স প্রাপ্ত সকল মানিচেঞ্জার প্রতিষ্ঠানকে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। উভয় আইনের উদ্দেশ্য পূরণকল্পে এবং উক্ত আইন ও আইনের আওতায় জারীকৃত বিধিমালার সংশ্লিষ্ট বিধানাবলী পরিপালনে মানিচেঞ্জার প্রতিষ্ঠানসমূহের জন্য অনুসরণীয় নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জারী করা হলোঃ

## ১। পরিপালন কাঠামো

### ১.১ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক নীতিমালা ও কর্মসূচী

প্রত্যেক মানিচেঞ্জার প্রতিষ্ঠান এ সার্কুলারে বর্ণিত নির্দেশনার আলোকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক নিজস্ব নীতিমালা প্রণয়ন করবে এবং নীতিমালা বাস্তবায়নের জন্য কর্মসূচী গ্রহণ করবে। এ নীতিমালা ও কর্মসূচী প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ/মালিক/স্বত্বাধিকারী কর্তৃক অনুমোদিত হবে। প্রতিষ্ঠানটি উক্ত নীতিমালা সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনবে এবং বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবে। এছাড়া মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা এবং বিএফআইইউ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনাবলী অনুযায়ী সময় সময় নীতিমালাটি পর্যালোচনা করবে ও প্রযোজ্য ক্ষেত্রে, সংশোধন বা পরিমার্জন করবে।

### ১.২ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক পরিপালন কর্মকর্তা মনোনয়ন

প্রত্যেক মানিচেঞ্জার প্রতিষ্ঠান একজন উর্ধ্বতন কর্মকর্তাকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক পরিপালন কর্মকর্তা হিসেবে মনোনীত করবে এবং উক্ত পরিপালন কর্মকর্তার নাম, পদবী, যোগাযোগের ঠিকানা, ই-মেইল, টেলিফোন ও

ফ্যাক্স নম্বর বিএফআইইউ বরাবরে সরবরাহ করবে। উল্লিখিত উর্ধ্বতন কর্মকর্তা প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Chief Anti Money Laundering Compliance Officer- CAMLCO) নামে অভিহিত হবেন। তিনি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবেনঃ

ক) মানিচেঞ্জার প্রতিষ্ঠান কর্তৃক মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা এবং বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলী ও স্বীয় প্রতিষ্ঠানের নীতিমালার পরিপালন নিশ্চিতকরণ;

খ) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা এবং বিএফআইইউ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনাবলী সম্পর্কে ওয়াকিবহাল থাকা এবং সে অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে স্বীয় প্রতিষ্ঠানের নীতিমালা হালনাগাদকরণ;

গ) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন প্রশ্নের জবাব প্রদান এবং পরিপালনে তাদেরকে সহযোগিতা এবং প্রশিক্ষণ প্রদান;

ঘ) বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের সাথে যোগাযোগের ক্ষেত্রে কন্ট্যাক্ট পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন;

ঙ) সন্দেহজনক লেনদেন/কার্যাবলী বিষয়ক প্রতিবেদন বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটে প্রেরণ; ইত্যাদি।

**২। মানিচেঞ্জার প্রতিষ্ঠানের ব্যবসা পরিচালনা সংক্রান্ত নির্দেশনা**

২.১ মানিচেঞ্জার প্রতিষ্ঠান তার ব্যবসার সাথে সংশ্লিষ্ট সকল স্থানীয় মুদ্রা ও বৈদেশিক মুদ্রার লেনদেন ও স্থিতি দৈনিক ভিত্তিতে নির্দিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ রাখবে। উক্ত রেজিস্টারের হিসাবের বাইরে কোন বৈদেশিক মুদ্রা প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে না। রেজিস্টারটি বাংলাদেশ ব্যাংক/বিএফআইইউ এর কোনো কর্মকর্তা পরিদর্শনে দেখতে চাইলে তা অবিলম্বে হাজির করতে হবে;

২.২ লেনদেনের উদ্দেশ্যে আগত গ্রাহক ব্যতীত অন্য কোন ব্যক্তি মানিচেঞ্জার প্রতিষ্ঠানের অভ্যন্তরে বৈদেশিক মুদ্রা সহকারে অবস্থান করবে না;

২.৩ বাংলাদেশ ব্যাংকের অনুমোদিত ব্যবসা কেন্দ্র ব্যতীত অন্য কোথাও মানিচেঞ্জার প্রতিষ্ঠান বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় করবে না;

২.৪ বাংলাদেশ ব্যাংক প্রদত্ত হালনাগাদকৃত লাইসেন্স প্রতিষ্ঠানের অভ্যন্তরে দৃশ্যমান জায়গায় ঝুলিয়ে রাখতে হবে;

২.৫ প্রত্যেক মানিচেঞ্জার প্রতিষ্ঠান তার ব্যবসা কেন্দ্রে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করবে এবং রেকর্ডকৃত ভিডিও ন্যূনতম ০২ (দুই) মাস সংরক্ষণ করবে।

**৩। গ্রাহক পরিচিতি নিশ্চিতকরণ**

৩.১ মানিচেঞ্জার প্রতিষ্ঠান সেবা গ্রহণকারী প্রত্যেক গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য এবং সংশ্লিষ্ট দলিলাদি **পরিশিষ্ট-ক ফরম** মোতাবেক সংগ্রহ করবে। উক্ত তথ্য সংগ্রহ ব্যতীত গ্রাহকের সাথে কোন আর্থিক লেনদেন সম্পাদন করা যাবে না এবং প্রতিটি লেনদেনের তথ্য নির্দিষ্ট রেজিস্টার/ডাটাবেইজে সংরক্ষণ করবে।

৩.২ প্রতিটি মানিচেঞ্জার প্রতিষ্ঠান জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় সন্ত্রাস, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোন ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক

তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার সাথে কোন প্রকার লেনদেন করবে না। এরূপ কোন লেনদেন চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট মানিচেঞ্জার উক্ত লেনদেন ও গ্রাহক সম্পর্কিত বিস্তারিত তথ্য পরিশিষ্ট-খ ফরম মোতাবেক/ অনুচ্ছেদ ৭.৩ এ বর্ণিত নিয়মানুসারে পরবর্তী কর্ম দিবসের মধ্যে বিএফআইইউকে অবহিত করবে। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা বলতে সন্ত্রাস বিরোধী বিধিমালা, ২০১৩ এর ২(ছ) নং বিধিতে সংজ্ঞায়িত নিরাপত্তা পরিষদের রেজুলুশনসমূহের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে। এই তালিকাসমূহ http://www.un.org/sc/ committees/list_compend.html ওয়েবলিংক হতে সংগ্রহ করা যাবে। বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তা বলতে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৮ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সরকার কর্তৃক সময়ে সময়ে সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা তফসিলভুক্ত কোন ব্যক্তি বা সত্তাকে বুঝাবে।

৩.৩ বিদেশি প্রতিষ্ঠানের প্রতিনিধির ক্ষেত্রে তাদের লেনদেনের প্রকৃত সুবিধাভোগীর তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে এবং সন্দেহজনক কার্যক্রম বা লেনদেন পরিলক্ষিত হলে বিস্তারিত তথ্য পরিশিষ্ট-খ ফরম মোতাবেক/ অনুচ্ছেদ ৭.৩ এ বর্ণিত নিয়মানুসারে পরবর্তী কর্ম দিবসের মধ্যে বিএফআইইউকে অবহিত করবে।

## ৪। Politically Exposed Persons (PEPs) এর ক্ষেত্রে করণীয়

৪.১ মানিচেঞ্জার প্রতিষ্ঠান গ্রাহকদের সাথে লেনদেনকালে উক্ত গ্রাহক Politically Exposed Persons (PEPs) কি-না তা চিহ্নিত করার জন্য পাসপোর্টে সন্নিবেশিত তথ্যসহ গ্রাহক কর্তৃক পরিশিষ্ট-ক ফরমে প্রদত্ত তথ্য পরীক্ষা করবে। উল্লেখ্য, Politically Exposed Persons (PEPs) বলতে "Individuals who are or have been entrusted with prominent public functions by a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials" বুঝাবে।

৪.২ PEPs এর সাথে লেনদেনকালে মানিচেঞ্জার প্রতিষ্ঠান এ সার্কুলারের ৩.১ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণের পাশাপাশি নিম্নের নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে ঃ

ক) মানিচেঞ্জার প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কমকর্তার অনুমোদন সাপেক্ষে PEPs এর সাথে লেনদেন করবে;

খ) তাদের সাথে সংঘটিত লেনদেন মনিটর করবে এবং কোন অসংগতি বা সন্দেহজনক তথ্য/কার্যাবলী পরিলক্ষিত হলে বিএফআইইউ এর নিকট সন্দেহজনক লেনদেন/কার্যক্রম প্রতিবেদন পরিশিষ্ট-খ ফরম মোতাবেক/ অনুচ্ছেদ ৭.৩ এ বর্ণিত নিয়মানুসারে প্রেরণ করবে।

৪.৩ PEPs এর পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও উপরোক্ত নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে। তবে এ অনুচ্ছেদে উল্লিখিত "PEPs" হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না।

৪.৪ অবসরপ্রাপ্ত PEPs গণ তাদের চাকুরী/দায়িত্ব থেকে অবসর এর পর অন্তত এক বছর পর্যন্ত PEPs হিসেবে বিবেচিত হবেন।

### ৫। প্রভাবশালী ব্যক্তির (Influential Persons) ক্ষেত্রে করণীয়

৫.১ মানিচেঞ্জার প্রতিষ্ঠান তাদের গ্রাহক প্রভাবশালী কোন ব্যক্তি (IPs) কিনা তা পাসপোর্টে সন্নিবেশিত তথ্যসহ গ্রাহক কর্তৃক **পরিশিষ্ট-ক ফরমে** প্রদত্ত তথ্য পরীক্ষা করে নির্ধারণ করবে। এ ধরণের গ্রাহকের সাথে লেনদেনকালে অনুচ্ছেদ ৪.২ ক্রমিকে বর্ণিত নির্দেশনাসমূহ পরিপালন করবে। প্রভাবশালী ব্যক্তি বলতে "Individuals who are or have been entrusted domestically with prominent public functions, for example Head of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials" বুঝাবে।

৫.২ প্রভাবশালী কোন ব্যক্তির (IPs) ক্ষেত্রে প্রযোজ্য নির্দেশনা তাদের পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তবে এ অনুচ্ছেদে উল্লিখিত 'প্রভাবশালী ব্যক্তি' হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না।

৫.৩ অবসরপ্রাপ্ত IPs গণ তাদের চাকুরী/দায়িত্ব থেকে অবসর এর পর অন্তত এক বছর পর্যন্ত IPs হিসেবে বিবেচিত হবেন।

### ৬। আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে করণীয়

৬.১ মানিচেঞ্জার প্রতিষ্ঠানকে তাদের গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী কোন আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা কিনা তা পাসপোর্টে সন্নিবেশিত তথ্যসহ গ্রাহক কর্তৃক পরিশিষ্ট-ক ফরমে প্রদত্ত তথ্য পরীক্ষা করে নির্ধারণ করতে হবে। এ ধরণের গ্রাহকের সাথে লেনদেনকালে অনুচ্ছেদ ৪.২ ক্রমিকে বর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে। উল্লেখ্য, আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা বলতে "Persons who are or have been entrusted with a prominent function by an international organization refers to members of senior management, i.e. directors, deputy directors and members of the board or equivalent functions" বুঝাবে।

৬.২ আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য নির্দেশনা তাদের পরিবারের সদস্য ও তাদের সাথে নিবড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (Close associates) ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তবে এ অনুচ্ছেদে উল্লিখিত 'আন্তর্জাতিক সংস্থার প্রধান' বা 'উচ্চ পর্যায়ের কর্মকর্তা' হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না।

৬.৩ অবসরপ্রাপ্ত আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ তাদের চাকুরী/দায়িত্ব থেকে অবসরের পর অন্তত এক বছর পর্যন্ত আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ হিসেবে বিবেচিত হবেন।

### ৭। সন্দেহজনক লেনদেন/কর্মকান্ড রিপোর্ট করণ (STR/SAR)

৭.১ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫(১)(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৬(১) ধারায় বর্ণিত নির্দেশনা বাস্তবায়নের নিমিত্তে প্রতিটি মানিচেঞ্জারের কর্মকর্তাগণ গ্রাহকের সাথে লেনদেনকালে সংগৃহীত তথ্য ও দলিলাদি পর্যালোচনা করবে এবং অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে সতর্ক ও সচেষ্ট থাকবেন।

৭.২ সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে মানিচেঞ্জারের কর্মকর্তাগণ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(য) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২(১৬) ধারায় বর্ণিত সংজ্ঞা বিবেচনা করবেন।

৭.৩ গ্রাহকের কোন লেনদেন বা আচরণ অস্বাভাবিক/সন্দেহজনক মর্মে প্রতীয়মান হলে তা মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক পরিপালন কর্মকর্তা পরিশিষ্ট-খ ফরম মোতাবেক প্রয়োজনীয় তথ্য-উপাত্ত ও দলিলাদিসহ সীলকৃত খামের উপরে 'গোপনীয়-STR' লিখে অথবা goAML Manual এর নির্দেশনা অনুসারে goAML Web ব্যবহার করে অবিলম্বে পরিচালক (বিএফআইইউ), বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট বরাবর প্রেরণ করবেন।

৭.৪ সংশ্লিষ্ট মানিচেঞ্জার প্রতিষ্ঠান সন্দেহজনক লেনদেন রিপোর্ট এর তথ্যাদি বিএফআইইউ কর্তৃক পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সংরক্ষণ করবে।

৭.৫ সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম সনাক্তকরণ বা দাখিল করার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বিষয়টির কঠোর গোপনীয়তা নিশ্চিত করবেন। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন বিএফআইইউ বরাবর প্রেরণের বিষয়ে মানিচেঞ্জার প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা/কর্মচারী কোন পর্যায়েই গ্রাহক বা অন্য কোন ব্যক্তির কাছে প্রকাশ করবেন না এবং এমন কোন আচরণ করবেন না যাতে সংশ্লিষ্ট গ্রাহক হিসাবের লেনদেনের বিষয়ে সতর্ক হতে পারেন।

**৮। নিয়োগ ও প্রশিক্ষণ**

৮.১ প্রতিটি মানিচেঞ্জার প্রতিষ্ঠান কর্মকর্তা/কর্মচারী নিয়োগের পূর্বে/পরে নির্বাচিত প্রার্থীর পরিচিতির তথ্য, সংশ্লিষ্ট ক্ষেত্রে তার অভিজ্ঞতা ও অন্যান্য সংশ্লিষ্টতা এবং এ সকল তথ্যের সমর্থিত দলিলাদি (জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, প্রাতিষ্ঠানিক শিক্ষা ও অভিজ্ঞতার সনদের কপি, ইত্যাদি) সংগ্রহ, যাচাই (Employee Screening) এবং সংরক্ষণ করবে যাতে কোন স্তরের কর্মকর্তার মাধ্যমে প্রতিষ্ঠান মানিলন্ডারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকির সম্মুখীন না হয়।

৮.২ প্রত্যেক মানিচেঞ্জার তাদের কর্মকর্তা/কর্মচারীদেরকে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবে এবং উক্ত প্রশিক্ষণের রেকর্ড সংরক্ষণ করবে। এছাড়াও, নির্দিষ্ট সময় অন্তর অন্তর প্রতিষ্ঠান তার কর্মকর্তা/ কর্মচারীদের জন্য Refresher Training আয়োজন করবে।

**৯। তথ্য ও দলিলাদি সংরক্ষণ, সরবরাহ এবং পরিপালন**

৯.১ মানিচেঞ্জার প্রতিষ্ঠান গ্রাহক পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য বা দলিলাদি (অনুচ্ছেদ ৩.১ এ বর্ণিত) লেনদেনের তারিখ হতে ন্যুনতম ৫(পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করবে।

৯.২ প্রতিটি মানিচেঞ্জার প্রতিষ্ঠান বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর চাহিদা মোতাবেক তথ্যাদি ও প্রয়োজনীয় সংশ্লিষ্ট কাগজপত্র/দলিলাদির কপি নির্ধারিত সময়ে সরবরাহ করবে এবং বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিত করবে।

৯.৩ প্রতিটি মানিচেঞ্জার প্রতিষ্ঠান নিয়ন্ত্রণকারী সংস্থার অনলাইন মনিটরিং ব্যবস্থায়/ড্যাশবোর্ডে প্রতিটি লেনদেনের তথ্য রিপোর্ট প্রদান নিশ্চিত করবে।

১০। বিগত ২৭/০৯/২০১১ ইং তারিখ এএমএল সার্কুলার নং- ২৯ এর মাধ্যমে "Guidance Notes on Anti Money Laundering and Combating Financing of Terrorism for Money Changers" এবং ০৯/০৯/২০১৫ ইং তারিখ বিএফআইইউ সার্কুলার নং-১৫ এর মাধ্যমে মানিচেঞ্জার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসরণীয় নির্দেশনাবলী জারি করা হয়।

বিএফআইইউ সার্কুলার নং-১৫, তারিখঃ ০৯/০৯/২০১৫ ইং এর মাধ্যমে জারীকৃত নির্দেশনাসমূহ এ সার্কুলারের নির্দেশনার মাধ্যমে প্রতিস্থাপিত মর্মে বিবেচিত হবে। এছাড়া, উপরিউক্ত গাইডলাইন্সের অনুচ্ছেদ ৩ হতে অনুচ্ছেদ ৫ পর্যন্ত বর্ণিত নির্দেশনাসমূহ এ সার্কুলারের নির্দেশনাসমূহের মাধ্যমে প্রতিস্থাপিত মর্মে গণ্য হবে এবং সংশোধিত গাইডলাইন্স যথারীতি বলবৎ থাকবে।

এ সার্কুলারের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তি ঃ ০৪ (চার) পৃষ্ঠা।

(এ, কে, এম, গোলাম মাহমুদ)
পরিচালক (বিএফআইইউ)
ফোনঃ ৯৫৩০১১৮

প্রতিলিপি নংঃ বিএফআইইউ(মানিচেঞ্জার)-০৩/২০২৬- ১২০৪-১২১১ তারিখ: উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলোঃ-

(জ্যেষ্ঠতার ক্রম অনুযায়ী নয়)

১. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

২. নির্বাহী পরিচালক/পরিচালক, মতিঝিল/সদরঘাট/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ অফিস, বাংলাদেশ ব্যাংক।

৩. পরিচালক(এফইপিডি/এফইওডি/ডিএফইআই) ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট/ফরেন এক্সচেঞ্জ অপারেশন্স ডিপার্টমেন্ট/ডিপার্টমেন্ট অব ফরেন এক্সচেঞ্জ ইন্সপেকশন, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।

৪. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৫. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৬. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৭. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।

৮.প্রিন্সিপাল, বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমী, মিরপুর, ঢাকা।

(মোঃ জয়নুল আবেদীন)
যুগ্মপরিচালক
ফোনঃ ২৫৫৬৬৫০০১-৬/২০৩১৪

পরিশিষ্ট-ক (বাংলা)

**মানিচেঞ্জার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা**

তারিখঃ ক্রমিক নংঃ

**বৈদেশিক মুদ্রা ক্রয়/বিক্রয়ের জন্য আবেদন।**

(গ্রাহক পরিচিতি ফরম)

জনাব,

আমি আপনার মানিচেঞ্জার প্রতিষ্ঠানে বৈদেশিক মুদ্রা ক্রয়/বিক্রয় করতে ইচ্ছুক। মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর বিধান অনুযায়ী বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করা হলোঃ

১। গ্রাহকের নামঃ

২। পিতার নামঃ

৩। মাতার নামঃ

৪। স্বামী/স্ত্রীর নামঃ

৫। পাসপোর্ট নং, ইস্যুর তারিখ ও স্থানঃ

৬। জাতীয়তাঃ

৭। জাতীয় পরিচয়পত্র নং (বাংলাদেশীদের জন্য প্রযোজ্য)ঃ

৮। জন্ম তারিখঃ

৯। পেশাঃ

১০। ঠিকানাঃ

ক) যোগাযোগঃ

খ) মোবাইল নম্বরঃ

১১। গন্তব্য দেশের নামঃ

১২। ভ্রমণের উদ্দেশ্যঃ

১৩। আগমন/প্রস্থানের তারিখ (আনুমানিক)ঃ

১৪। বিনিময়কৃত অর্থের উৎসঃ

লেনদেনের ধরণঃ ক) ক্রয় খ) বিক্রয়

বৈদেশিক মুদ্রাঃ

বিনিময় হারঃ

পরিমাণঃ

আপনার বিশ্বস্ত,

(গ্রাহকের স্বাক্ষর)

সংযোজনী (টিক চিহ্ন দিন)

ক) পাসপোর্টের ফটোকপি

খ) ভিসার ফটোকপি

গ) বিমানের টিকেটের ফটোকপি

ঘ) এফএমজে ফরম (প্রযোজ্য ক্ষেত্রে)

(লেনদেনকারী কর্মকর্তা/ব্যবস্থাপকের নাম, স্বাক্ষর ও সীল)

Annex-1 (English)

**Name and Address of the Money Changer**

Date: SI. NO.

**Application for Foreign Currency Exchange**

(KYC Profile Form)

Dear sir,

I want to buy/sell foreign currency from/to your Money Changer. As per Money Laundering Prevention Act, 2012 detailed information is furnished below:

1. Name of Customer:
2. Father's Name:
3. Mother's Name:
4. Spouse's Name:
5. Passport no., Date & Place of issue:
6. Nationality:
7. National ID No. (for Bangladeshi national):
8. Date of Birth:
9. Occupation:
10. Address:
    a) Contact Details:
    b) Mobile No.:
11. Country of Visit:
12. Purpose of Travel:
13. Date of Arrival/Departure (Approx.):
14. Source of Fund:

Type of Transaction: a) Sale b) Buy

Foreign Currency :

Exchange Rate:

Amount:

Sincerely yours,

(signature of customer)

Annexure (Please put tick mark):

1. Copy of passport
2. Copy of visa
3. Copy of air ticket
4. FMJ form (where applicable)

(Name, Signature & Seal of the Officer/Manager)

পরিশিষ্ট-খ (বাংলা)

(মানিচেঞ্জার প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য)

## সন্দেহজনক লেনদেন/কার্যক্রম রিপোর্টিং ফরম

১) মানিচেঞ্জার প্রতিষ্ঠানের নামঃ

২) কার্যালয়ের ঠিকানাঃ

৩) সন্দেহজনক ব্যক্তি সম্পর্কিত বিস্তারিত তথ্যঃ

ক) নামঃ

খ) এনআইডি নংঃ

গ) জন্ম তারিখঃ

ঘ) পাসপোর্ট নংঃ

ঙ) পেশাঃ

৪) সন্দেহজনক লেনদেন/কার্যক্রমের বিবরণঃ

ক) অর্থের পরিমাণঃ

খ) লেনদেনের তারিখঃ

৫) নির্দিষ্ট লেনদেন/কার্যক্রমকে সন্দেহজনক মনে করার কারণঃ

৬) অন্যান্য তথ্যঃ

কর্মকর্তার স্বাক্ষরঃ

কর্মকর্তার নামঃ

তারিখঃ

সংযুক্তিঃ

ক) এনআইডি এবং/অথবা পাসপোর্ট এর কপি;

খ) অন্যান্য দলিলাদির কপি।

Annexure-2 (English)

**Form for Suspicious Transaction/Activity Reporting (STR/SAR)**

1) Name of the Money Changer:

2) Official address:

3) Detailed information of the suspected individual:

a) Name:

b) NID No.:

c) Date of Birth:

d) Passport No.:

e) Profession/activities:

4) Description of unusual/suspicious transaction/activity:

a) Amount of money involved:

b) Dates of transaction:

5) Reasons/situations for treating the transaction/activity as unusual/suspicious:

6) Other information:

Signature of the Officer/Contact Point:

Name of the Officer:

Date:

Annexure:

a) Copy of NID and/or Passport

b) Any Other Documents